

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৯০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯) প্রথম কাতারে নামায পড়ার প্রতি উদ্বুদ্ধ করন এবং কাতার সোজা করা ও কাতারের ডান দিকের ফ্যীলতের বর্ণনা

الترغيب في الصف الأول وما جاء في تسوية الصفوف والتراص فيها وفضل ميامنها

আরবী

(صحيح) وَعَنْ العرباض بن سارية رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَسْتَغْفِرُ لِلصَّفِّ الْمُقَدَّمِ ثَلاثًا، وَلِلتَّانِي مَرَّةً رواه ابن ماجه والنسائي وابن خزيمة والحاكم وابن حبان

বাংলা

৪৯০. (সহীহ্) এরবায বিন সারিয়া (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) প্রথম কাতারে নামায আদায় কারীর জন্য তিন বার ক্ষমা প্রার্থনার দু'আ করতেন, আর দ্বিতীয় কাতারের জন্য একবার দুআ করতেন।"

(ইবনে মাজাহ ৯৯৬, নাসাঈ ২/৯২, ইবনে খুযায়মা ৩/২৭ এবং হাকেম ১/২১৪। হাকেম বলেন হাদীছটি বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ।)

ইবনে হিব্যানও বর্ণনা করেছেন। তবে তার বর্ণনা এরকমঃ

الْمُقَدَّم ثَلَاثًا، وَعَلَى الثَّانِي وَاحِدَةً

''রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সামনের কাতারের জন্য তিন বার দু'আ করতেন এবং দ্বিতীয় কাতারের জন্য একবার।''

নাসাঈর বর্ণনাও অনুরূপ তবে তিনি বলেনঃ

كَانَ يُصلِّي عَلَى الصَّفِّ الْأُوَّلِ مرتين

''প্রথম কাতারের জন্য তিনি দু'বার দু'আ করতেন।''[1]



ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেনঃ কিন্তু আমাদের কাছে নাসাঈর যে কপি রয়েছে তাতে ইবনে হিব্বানের মত ''তিনবারের'' কথাই উল্লেখ আছে। এমনকি নাসাঈর সুনানে কুবরাতেও ''তিনবার'' শব্দ উল্লেখ আছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ইরবায ইবনু সারিয়াহ্ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন